নং. 28

<u>নির্বাহী আদেশ</u>

নিউ ইয়র্ক স্টেটে একটি দুর্যোগ জরুরি অবস্থা ঘোষণা

যেহেতু, জনস্বাস্থ্য পরিষেবা আইনের ধারা 362 ও 365 (42 U.S.C §§ 362 ও 365 এবং 42 C.F.R. § 71.40 এর বাস্তবায়নযোগ্য বিধিমালা) অনুযায়ী 2 আগস্ট, 2021 তারিখে যুক্তরাষ্ট্রের সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল (Center for Disease Control, CDC)-এর ডিরেক্টর *কোয়ারেন্টাইনযোগ্য সংক্রামক রোগ বিদ্যমান রয়েছে এমন কোনো দেশ থেকে আসা ব্যক্তিদের প্রবেশ করতে দেওয়ার অধিকার স্থগিত করে একটি জনস্বাস্থ্য বিষয়ক পুনর্মূল্যায়ন ও আদেশ* ("টাইটেল 42-এর আদেশ") জারি করেছেন;

যেহেতু,এই টাইটেল 42-এর আদেশ "আওতাভুক্ত অনাগরিকদের" জন্য কানাডা বা মেক্সিকো থেকে ভ্রমণ করে (তাদের নিজের দেশ নির্বিশেষে) যুক্তরাষ্ট্রে অভিবাসন করা নিষিদ্ধ করেছে, যাদেরকে অন্যথায় প্রবেশ করার কোনো বন্দরে অথবা যুক্তরাষ্ট্রের বর্ডার প্যাট্রল স্টেশনে অথবা যুক্তরাষ্ট্রের ভূমি এবং সংলগ্ন উপকূলীয় সীমান্তে জনসমাগমের পরিবেশে নিয়ে যাওয়া হতো;

যেহেতু, টাইটেল 42-এর আদেশ বহাল থাকা স্বত্ত্বেও, গত কয়েক মাসে তাৎক্ষণিকভাবে আবাসন ও পরিষেবা পাওয়ার চাহিদা নিয়ে বৃহৎ সংখ্যক অভিবাসী নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেটে এসে উপস্থিত হয়েছেন: নিউ ইয়র্ক সিটি একাই বর্তমানে দক্ষিণ সীমান্ত থেকে আসা 36,738 অভিবাসীর জন্য অস্থায়ী আবাসন প্রদান করছে, যে সংখ্যাটি 2023 সালের জানুয়ারি মাস থেকে 12,279 জন বৃদ্ধি পেয়েছে; এবং মাত্র গত সপ্তাহেই আরো 1,578 জন বৃদ্ধি পেয়েছে।

যেহেতু,টাইটেল 42-এর আদেশের মেয়াদ 11 মে, 2023 তারিখে শেষ হয়ে যাচ্ছে, এবং টাইটেল 42-এর আদেশের মেয়াদ শেষ হয়ে যাওয়ার পরে, প্রতি সপ্তাহে কয়েক হাজার বাড়তি অভিবাসী নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেটে এসে পৌঁছানোর মাধ্যমে যুক্তরাষ্ট্রে অভিবাসীর সংখ্যা ব্যাপকভাবে বৃদ্ধি পাবে বলে ধারণা করা হচ্ছে;

যেহেতু, নিউ ইয়র্ক সিটি এবং স্টেটের মধ্যকার অন্যান্য স্থানীয় সরকারগুলোর যাদের আগমনকারী বিশাল সংখ্যক অভিবাসীর আবাসনের তাৎক্ষণিক মানবিক চাহিদা এবং অন্যান্য মৌলিক চাহিদা পূরণ করার জন্য প্রয়োজনীয় অবকাঠামো, ফ্যাসিলিটি এবং সংস্থানসমূহের অভাব রয়েছে তাদেরকে সহায়তা প্রদান করা অত্যন্ত গুরুত্বপূর্ণ; এবং

যেহেতু, নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেটে আশ্রয় প্রার্থী অভিবাসীদের বর্ধিত সংখ্যার কারণে ইতোমধ্যে বৃহৎ আকার ধারণ করা মানবিক সংকটের আরো অবনতি ঘটবে এবং স্থানীয় সরকারগুলো যথোচিতভাবে সাড়াদান করতে অক্ষম এমন দুর্যোগজনিত জরুরি অবস্থা তৈরি হবে বলে আশংকা করা হচ্ছে, যেটি স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য হুমকি হয়ে উঠবে এবং প্রাণহানি বা সম্পত্তি হারানোর কারণ হতে পারে; এবং

সুতরাং, এখন, আমি, ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান ও নির্বাহী আইনের ধারা 2-B এর সেকশন 28 অনুযায়ী আমার উপর অর্পিত কর্তৃত্ববলে, এই মর্মে চিহ্নিত করছি যে একটি দুর্যোগের ঘটনা আসন্ন যেটির জন্য প্রভাবিত হওয়া স্থানীয় সরকারগুলো যথাযথভাবে সাড়া প্রদান করতে সক্ষম নয়। সুতরাং, এই মর্মে আমি সমগ্র নিউ ইয়র্ক স্টেটের জন্য 9 মে, 2023 তারিখ থেকে স্টেটজুড়ে দুর্যোগজনিত জরুরি অবস্থা কার্যকর করার ঘোষণা দিচ্ছি। এই নির্বাহী আদেশ 8 জুন, 2023 তারিখ পর্যন্ত কার্যকর থাকবে; এবং

সেইসাথে, নির্বাহী আইনের ধারা 2-B এর সেকশন 29 অনুযায়ী, আমি স্টেট পর্যায়ে জরুরি অবস্থা নিয়ন্ত্রণের সমন্বিত পরিকল্পনা বাস্তবায়নের নির্দেশ দিচ্ছি এবং স্টেট পর্যায়ের সংস্থাগুলোকে ও আমেরিকান রেড ক্রসকে (American Red Cross) প্রয়োজন অনুযায়ী, স্টেটের সম্পত্তি সুরক্ষিত রাখতে এবং ক্ষতিগ্রস্ত স্থানীয় সরকার ও

ব্যক্তিদের এই দুর্যোগে সাড়া দিতে ও এটি থেকে সেরে উঠতে সাহায্য করার জন্য, এবং জনসাধারণের স্বাস্থ্য ও নিরাপত্তা সুরক্ষিত রাখতে প্রয়োজন অনুযায়ী এধরনের অন্যান্য সহায়তা প্রদান করতে যথাযথ পদক্ষেপ গ্রহণের অনুমোদন প্রদান করছি, যা 9 মে, 2023 তারিখ থেকে কার্যকর হবে।

অধিকন্তু, নির্বাহী আইনের ধারা 2-B এর সেকশন 29-a অনুযায়ী আমার উপর অর্পিত কর্তৃত্ববলে আমি এই মর্মে এই নির্বাহী আদেশ কার্যকর হওয়ার তারিখ থেকে 8 জুন, 2023 তারিখ পর্যন্ত সময়ের জন্য, পূর্বোক্ত জরুরি পরিস্থিতিতে জনসাধারণের স্বাস্থ্য ও নিরাপত্তা সুরক্ষিত রাখার জন্য তাৎক্ষণিকভাবে এবং যথোচিতভাবে সাড়াদানের জন্য প্রয়োজনীয় ব্যাপ্তি পর্যন্ত নিম্নলিখিত আইনগুলো সাময়িকভাবে স্থগিত বা পরিবর্তন করছি:

- স্টেট অর্থ আইনের (State Finance Law) 97-G ধারা, সেই পরিসর অবধি যা খাদ্য, জিনিষপত্র, পরিষেবাদি এবং সরঞ্জাম ক্রয় করার জন্য বা বিভিন্ন কেন্দ্রীভূত পরিষেবা প্রদান করার জন্য প্রয়োজন প্রভাবিত স্থানীয় সরকারগুলিকে, ব্যক্তিবর্গকে এবং অন্যান্য স্টেট-বহির্ভূত সত্ত্বাদের দুর্যোগকালীন জরুরি অবস্থার প্রতি সাড়াদান বা তা থেকে পুনরুদ্ধার পেতে সহায়তা করার জন্য প্রয়োজন;

- স্টেটের অর্থ আইনের ধারা 112, স্টেটের কন্ট্রাক্টের সঙ্গে বাড়তি কাজ, সাইট, অর্থায়ন ও সময় যোগ করার জন্য অথবা কন্ট্রাক্ট প্রদান করার জন্য প্রয়োজনীয় ব্যাপ্তি পর্যন্ত, যেসব কন্ট্রাক্টের মধ্যে সরকারি ভবন আইনের ধারা 3-এর অধীনে স্টেটের কার্যপরিচালনা স্থানান্তর করা এবং এতে সহায়তার জন্য প্রদত্ত কন্ট্রাক্ট বা লিজ; অথবা সরকারি ভবন আইনের ধারা 8 ও 9-এর অধীন কন্ট্রাক্ট; অথবা স্টেটের অর্থ আইনের ধারা 136-a এর অধীনে পেশাগত পরিষেবার জন্য প্রদত্ত কন্ট্রাক্ট; অথবা যেকোনো ফেডারেল GSA তহসিল, ফেডারেল 1122 কর্মসূচি, অথবা অন্যান্য স্টেট পর্যায়ের, আঞ্চলিক, স্থানীয়, একাধিক বিচারিক ক্ষেত্রের আওতাধীন, বা কোঅপারেটিভ কন্ট্রাক্ট ভেহিকেলের জন্য পণ্য, পরিষেবা, ও প্রযুক্তি ক্রয়ের জন্য প্রদত্ত কন্ট্রাক্ট অন্তর্ভুক্ত রয়েছে;

- স্টেটের অর্থ আইনের ধারা 163 এবং অর্থনৈতিক বিকাশ আইনের (Economic Development Law) অনুচ্ছেদ 4-C, স্ট্যান্ডার্ড নোটিশ এবং ক্রয় প্রক্রিয়া অনুসরণ না করে প্রয়োজনীয় পণ্য, পরিষেবা, প্রযুক্তি এবং উপকরণ ক্রয়ের অনুমতি দেয়;

- সাধারণ মিউনিসিপ্যাল আইনের ধারা 103, স্ট্যান্ডার্ড নোটিশ এবং ক্রয় প্রক্রিয়া অনুসরণ না করে প্রয়োজনীয় পণ্য, পরিষেবা, ও প্রযুক্তি ক্রয়ের জন্য প্রয়োজনীয় ব্যাপ্তি পর্যন্ত; এবং

- স্থাবর সম্পত্তি ও কার্যধারা আইনের ধারা 768 ও 711, স্থাবর সম্পত্তি আইনের ধারা 226-c এবং 232-a, এবং একাধিক বাসস্থান আইনের ধারা 4-এর সাবডিভিশন 7, 8, 9, 10 ও 13, জরুরি পরিস্থিতিতে সাড়াদানের কাজে সহায়তা করছেন অথবা জরুরি পরিস্থিতি জন্য দায়ী অবস্থার কারণে আশ্রয় বা আবাসনের প্রয়োজন হওয়া কোনো ব্যক্তি, এবং যেকোনো ব্যক্তি বা স্বত্ত্বা, যেমন কোনো হোটেলের মালিক, হাসপাতাল, অলাভজনক আবাসন সেবা প্রদানকারী অথবা কেবলমাত্র জরুরি পরিস্থিতিতে সাড়াদানের ক্ষেত্রে সহায়তা করার উদ্দেশ্যে ত্রিশ দিন বা তারচেয়ে বেশি সময়ের জন্য অস্থায়ী আবাসন প্রদান করছেন এমন অন্য কোনো ব্যক্তি বা স্বত্ত্বার মধ্যে বাড়ির মালিক এবং ভাড়াটিয়ার সম্পর্ক স্থাপিত হওয়া সাময়িকভাবে রোধ করার জন্য প্রয়োজনীয় ব্যাপ্তি পর্যন্ত।

এই দুই হাজার তেইশ সালের মে মাসের 9ম দিনে আলবানি সিটিতে আমার হাতে এবং স্টেটের প্রাইভি সিলমোহর ব্যবহার করে।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব